তারিখ ... 13 AUG 2016 ...
পৃষ্ঠা ...৩...৭... কলাম.....৬......

যুগান্তর

# জাবিতে গাঁজা চাষী দুই ছাত্রলীগ কর্মী ও মাদকসেবী দুই শিক্ষার্থী বহিষ্কার

**জাবি প্রতিনিধি**

মাদক সেবনের দায়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বৃহস্পতিবার রাতে অনুষ্ঠিত জরুরি সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। বহিষ্কৃতরা হলেন, বিশ্ববিদ্যালয়ের ৩৯তম আবর্তনের বাংলা বিভাগের শিক্ষার্থী মাইনুদ্দিন জনি (আল বেরুনী হল) ও কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৪২তম আবর্তনের শিক্ষার্থী মো. সাজ্জাদ হোসেন সায়েম (শহীদ রফিক-জব্বার হল)। এ ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা কর্মকর্তা জেফরুল হাসান চৌধুরী সজল বাদী হয়ে আশুলিয়া থানায় একটি মামলা করেছেন।

বৃহস্পতিবার সন্ধ্যায় মাদক সেবনের অভিযোগে আ ফ ম কামালউদ্দিন হলের ৩৩৫নং রুম থেকে ওই দু'জনকে মাদকসহ আটক করে হলের আবাসিক শিক্ষার্থীরা। পরে তাদের প্রক্টরের কার্যালয়ে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়। জিজ্ঞাসাবাদে তারা মাদক সেবনের কথা স্বীকার করেছে বলে জানান প্রক্টর অধ্যাপক ড. তপন কুমার সাহা। এরপর রাতেই ডিসিপ্লিনারি বোর্ড জরুরি সভায় বসে। সেখানে তাদের বহিষ্কারের সুপারিশ করলে জরুরি সিন্ডিকেট সভায় তা কার্যকর করা হয়। বৃহস্পতিবার রাতেই তাদের আশুলিয়া থানায় সোপর্দ করা হয়েছে।

**হলে গাঁজা চাষ করায় দুই ছাত্রলীগ কর্মী বহিষ্কার :** মাদক সংশ্লিষ্ট পৃথক আরেকটি ঘটনায় বিশ্ববিদ্যালয়ের দুই ছাত্রলীগ কর্মীকে সাময়িক বহিষ্কার করেছে শাখা ছাত্রলীগ। শহীদ রফিক জব্বার হলের ২১০ নম্বর ও ২০৯ কক্ষের জানালায় রাখা ফলের টবে গাঁজার চাষ করেন ওই দুই কক্ষের বাসিন্দারা।

গাছের টবে গাঁজা চাষের অপরাধে জাবি শাখা ছাত্রলীগের উপ-ত্রাণ বিষয়ক সম্পাদক মো. রইস (৪১তম ব্যাচ, জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগ) ও ছাত্রলীগ কর্মী মো. রাসেলকে (৪১তম ব্যাচ, রসায়ন বিভাগ) সংগঠন থেকে সাময়িক বহিষ্কার করেছে শাখা ছাত্রলীগ। তাদের বিরুদ্ধে ৭ দিন পর চূড়ান্ত ব্যবস্থা নেয়া হবে।